

মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নামারঃ ২৭৩ [আন্তর্জাতিক নামারঃ ৪৩৯]

৮. কিতাবুস্ম সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মহিলারা মসজিদে ঘুমাতে পারে

بَابْ نَوْمِ الْمَرْأَةِ فِي الْمَسْجِدِ

আরবী

..... عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا: أَنَّ وَلِيْدَةَ كَانَتْ سَوْدَاءَ، لِحَيٍّ مِنَ الْعَرَبِ، فَأَعْتَقُوهَا فَكَانَتْ مَعَهُمْ، قَالَتْ: فَخَرَجَتْ صَبَّيَّةً لَهُمْ، عَلَيْهَا وِشَاحٌ أَحْمَرٌ مِنْ سُيُورٍ، قَالَتْ: فَوَضَعَتْهُ، أَوْ وَقَعَ مِنْهَا، فَمَرَرَتْ بِهِ حُدَيَّاً وَهُوَ مُلْقٌ، فَحَسِبَتْهُ لَحْمًا فَخَطَفَتْهُ، قَالَتْ: فَالْتَّمَسُوهُ فَلَمْ يَجِدُوهُ، قَالَتْ: فَاتَّهْمُونِي بِهِ، قَالَتْ: فَطَفِقُوا يُفَتِّشُونَ، حَتَّى فَتَشُوا قُبْلَهَا، قَالَتْ: وَاللَّهِ إِنِّي لِقَائِمَةٌ مَعَهُمْ، إِذْ مَرَّتِ الْحُدَيَّا فَأَلْقَتُهُ، قَالَتْ: فَوَقَعَ بَيْنَهُمْ، قَالَتْ: فَقُلْتُ: هَذَا الَّذِي أَتَهُمْ تُمْوِنُونِي بِهِ، زَعَمْتُمْ وَأَنَا مِنْهُ بَرِيَّةٌ، وَهُوَ ذَا هُوَ، قَالَتْ: فَجَاءَتِ إِلَيَّ رَسُولُ اللَّهِ فَأَسْلَمَتْ، قَالَتْ عَائِشَةُ: فَكَانَ لَهَا خِبَاءٌ فِي الْمَسْجِدِ أَوْ حِفْشٌ، قَالَتْ: فَكَانَتْ تَأْتِينِي فَتَحَدَّثُ عِنْدِي، قَالَتْ: فَلَا تَجْلِسُ عِنْدِي مَجِلْسًا إِلَّا قَالَتْ: وَيَوْمَ الْوِشَاحِ مِنْ أَعَاجِيبِ رَبِّنَا أَلَا إِنَّهُ مِنْ بَلْدَةِ الْكُفَّرِ أَنْجَانِي قَالَتْ عَائِشَةُ: فَقُلْتُ لَهَا: مَا شَأْنُكِ لَا تَقْعُدِينَ مَعِي مَقْعَدًا إِلَّا قُلْتِ هَذَا؟ قَالَتْ: فَحَدَّثْتِنِي بِهَذَا الْحَدِيثِ.

বাংলা

২৭৩) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আরবের কোন এক গোত্রের এক কালো দাসী ছিল। তাকে মুক্ত করে দেয়ার পরও সে তাদের সাথেই ছিল। একদা সে গোত্রের একটি ছোট বালিকা বাইরে গেল। তার পরনে ছিল চামড়ার উপর মনিমুক্তা খচিত একটি হার। আয়েশা (রাঃ) বলেনঃ বালিকাটি তা খুলে রাখল অথবা তা হারিয়ে ফেলল। হারটি যেস্থানে পড়ে ছিল ঐ স্থান দিয়ে একটি ছোট চিল উড়ে যাওয়ার সময় গোশত মনে করে হারটিকে ছেঁ মেরে নিয়ে গেল। গোত্রের লোকেরা অনুসন্ধান করেও তা খুঁজে পেলনা। দাসী বললঃ তারা আমার উপর এটি ছুরি করার অপবাদ দিল। আয়েশা (রাঃ) বলেনঃ তারা তার কাছে হারটির তল্লাশী শুরু করল। এমনকি তার লজ্জাস্থান পর্যন্ত তালাশ করে দেখল। মহিলা বললঃ আল্লাহর শপথ! আমি এ সময়ও তাদের সাথে দাঁড়িয়ে

রইলাম। তখন উক্ত চিলটি পুনরায় তাদের উপর দিয়ে অতিক্রম করার সময় হারটি ফেলে দিল। মহিলা বললঃ হারটি তাদের মাঝখানে পাতিত হল। আমি তাদেরকে বললামঃ তোমরা আমাকে এটি চুরি করার অভিযোগে অভিযুক্ত করেছ! অথচ এ থেকে আমি সম্পূর্ণ মুক্ত। এই তো সে হারটি। আয়েশা (রাঃ) বলেনঃ এ ঘটনার পর মহিলাটি কোন এক সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট এসে ইসলাম গ্রহণ করল। আয়েশা (রাঃ) বলেনঃ মসজিদে উক্ত মহিলার জন্য একটি তাঁবু বা ছোট একটি ঘর ছিল। তিনি বলেনঃ মহিলাটি আমার কাছে এসে গল্প করত। যখনই সে আমার কাছে বসত তখনই সে বলতঃ

وَيَوْمَ الْوِشَاحِ مِنْ أَعَاجِبِ رَبِّنَا + أَلَا إِنَّهُ مِنْ بَلْدَةِ الْكُفْرِ أَنْجَانِي

‘হারের দিনটি ছিল আমার প্রভুর পক্ষ থেকে একটি আশ্চর্যজনক ঘটনা এবং তিনি আমাকে মুক্ত করেছেন কুফরের রাজ্য থেকে। আয়েশা (রাঃ) বলেনঃ আমি তাকে বললামঃ তোমার অবস্থা কি? আমার কাছে বসেই তুমি এ কথাটি বল। এ প্রশ্নের প্রেক্ষিতেই সে আমাকে ঘটনাটি খুলে বলল।

English

Sleeping of a woman in the mosque (and residing in it)

Narrated `Aisha:

There was a black slave girl belonging to an 'Arab tribe and they manumitted her but she remained with them. The slave girl said, "Once one of their girls (of that tribe) came out wearing a red leather scarf decorated with precious stones. It fell from her or she placed it somewhere. A kite passed by that place, saw it lying there and mistaking it for a piece of meat, flew away with it.

Those people searched for it but they did not find it. So they accused me of stealing it and started searching me and even searched my private parts." The slave girl further said, "By Allah! while I was standing (in that state) with those people, the same kite passed by them and dropped the red scarf and it fell amongst them.

I told them, 'This is what you accused me of and I was innocent and now this is it.' " `Aisha added: That slave girl came to Allah's Messenger (ﷺ) and embraced Islam. She had a tent or a small room with a low roof in the mosque. Whenever she called on me, she had a talk with me and whenever she sat with me, she would recite the following: "The day of the scarf (band) was one of the wonders of our Lord, verily He rescued me from the disbelievers' town. `Aisha added: "Once I asked her, 'What is the matter with you? Whenever you sit with me, you always recite these poetic verses.' On that she told me the whole story. "

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89571>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন